# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৬৬

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ কুর'আন পাঠের সময় মানুষের উপর প্রশান্তি অবতীর্ণ হয়

## ذِكْرُ إِثْبَاتِ نُزُولِ السَّكِينَةِ عِنْدَ قِرَاءَةِ الْمَرْءِ القرآن

আরবী

766 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا النَّضْرُ بْنُ شُمَيْلٍ أَخْبَرَنَا شُعْبَةُ عَنْ أَبِي إِسْحَاقَ قَالَ: سَمِعْتُ الْبَرَاءَ يَقُولُ: إِنَّ رَجُلًا كَانَ يَقْرَأُ سُورَةَ الْكَهْفِ ـ وَدَابَّتُهُ مُوثَقَةٌ ـ فَجَعَلَتْ تَنْفِرُ تَرَى مِثْلَ الضَّبَابَةِ ـ أَوِ الْغَمَامَةِ ـ قَدْ غَشِيَتْهُ فَأَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرَ ذَلِكَ لَهُ فَقَالَ: (اقْرَأْ يَا فُلَانُ تِلْكَ السَّكِينَةُ أُنزلت عند القرآن أو للقرآن)

الراوي : الْبَرَاء | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 766 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭৬৬. বারা বিন আযিব রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি সূরা কাহফ পড়ছিল, এসময় তাঁর বাহনটি বাঁধা ছিল, সেটি ছুটোছুটি করতে শুরু করে। তিনি একখন্ড মেঘ দেখতে পান, যা তাঁকে পরিবেষ্টন করে রেখেছিল! অতঃপর তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসেন এবং তাঁকে ব্যাপারটি বর্ণনা করেন। তখন রাসূল  সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "হে ওমুক, আপনি কুর'আন পাঠ করুন। সেটা প্রশান্তি, যা কুর'আন পাঠের সময় অথবা (রাবীর সন্দেহ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন) 'কুর'আনের জন্য' অবতীর্ণ হয়েছিল।"[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ২/৩; মুসনাদ আহমাদ: ৪/২৮১; সহীহ মুসলিম: ৭৯৫; তিরমিযী: ২৮৮৫; সহীহ আল বুখারী: ৪৮৩৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ১২০৬।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৩০৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89269

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন